



WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours Part-II Examinations, 2018

বাংলা-সাম্মানিক

তৃতীয় পত্র

সময় : ৪ ঘণ্টা

পূর্ণমান : ১০০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাটি প্রশ্নমানের নির্দেশক।  
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। উদাহরণসহযোগে দলবৃত্ত (স্বাসাঘাত প্রধান) ছন্দের প্রকৃতি এবং বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। ১২  
অথবা  
টীকা লেখোঃ (যে-কোনো তিনটি)  
দল, যতি, অমিত্রাক্ষর, মুক্তক, পয়ার।  $8 \times 3 = 12$
- ২। নিম্নলিখিত যে-কোনো দুটি অংশের ছন্দোলিপি রচনা করোঃ  $8 \times 2 = 8$
- (ক) একে কুলকামিনী তাহে কুছ যামিনী  
যোর গহন অতি দূর।  
আর তাহে জলধর বরিখয়ে বর বর  
হাম যাওব কোন পুর।।
- (খ) শিবের ললাটে চাঁদ, সে চাঁদের বক্ষে  
অঙ্কিত তোমারি সে স্বস্তিক-মূর্তি,  
ঘরে ঘরে জ্বলে দাও হরবের জ্যোৎস্না,  
ঢেলে দাও দেহে প্রাণে কর্মের স্মৃতি!
- (গ) মেঘ মুলুকে ঝাপসা রাতে,  
রামধনুকের আবছায়াতে,  
তাল বেতালে খেয়াল সুরে  
তান ধরেছি কষ্ট পুরে।
- (ঘ) ঝ-পল্লবে ডাক দিলে, দেখা হবে চন্দনের বনে -  
সুগন্ধের সঙ্গ পাবো দ্বিপ্রহরে বিজন ছায়ায়  
আহা কি শীতল স্পর্শ হৃদয়-ললাটে, আহা, চন্দন, চন্দন  
দৃষ্টিতে কী শান্তি দিলে, চন্দন, চন্দন  
আমি বসে থাকবো দীর্ঘ নিরালায়!

- ৩। উৎপ্রেক্ষা অলংকারের সংজ্ঞা, বৈশিষ্ট্য ও বিভাগগুলি উদাহরণসহ আলোচনা করো। ১২  
অথবা  
যে-কোনো দুটি অলংকারের উদাহরণসহ ব্যাখ্যা করো: ৬×২ = ১২  
যমক, নিরঙ্গ রূপক, বিরোধ, ব্যাজস্তুতি, স্মরণোপমা, ব্যতিরেক।
- ৪। নিম্নলিখিত যে-কোনো দুটি উদ্ধৃতির অলংকার নির্ণয় করো: ৪×২ = ৮  
(ক) পূর্বব দুয়ারে নীল ভৈরব মুরতি  
বৃথা নিদ্রাদেবী তথা সাধিছেন তারে।  
(খ) তরল তব সজল দিষ্টি মেখের চেয়ে কালো।  
(গ) ফাটা ডিম্বে তা দিয়ে আর কী ফল হবে।  
(ঘ) অমিতা, সাগর কি শুখাইয়া যাবে  
আমি যদি এক মুঠো ফেনা নিয়ে যাই ?  
(ঙ) এলাইয়া বেণী ফুলের গাঁথনি  
দেখায়ে খসায়ে চুলি।  
হসিত বয়ানে চাহে মেঘ-পানে  
কি কহে দুহাত তুলি।।
- ৫। গৌরাস্ত বিয়য়ক পদ বলতে কী বোঝো ? গৌরচন্দ্রিকাই বা কী ? এই পর্যায়ের পদ অবলম্বন করে ২+২+৫  
উপরোক্ত বিষয়দুটির পার্থক্য বুঝিয়ে দাও। এই পর্যায়ের শ্রেষ্ঠ কবির কৃতিত্ব বিচার করো। +৬=১৫  
অথবা  
প্রেমবৈচিত্র্য ও আক্ষেপানুরাগ বলতে কী বোঝো ? এই পর্যায়ের পাঠ্য পদ অবলম্বন করে শ্রেষ্ঠ ৩+১২ = ১৫  
কবির কৃতিত্ব বিচার করো।
- ৬। 'গিরিরাজ পুরুষ এবং গিরিবাণী নারী বলেই তাঁদের সন্তান-স্নেহের প্রকাশ ভিন্ন, চিন্তাধারাও ভিন্ন' – ১৫  
আগমনী ও বিজয়ার পদ অবলম্বনে উক্ত মন্তব্যের তাৎপর্য পরিশ্ফুট করো।  
অথবা  
অষ্টাদশ শতাব্দীতে শাক্ত পদাবলীর উদ্ভবের পিছনে রাষ্ট্রনৈতিক ও আর্থসামাজিক পটভূমিটি ১৫  
ভক্তের আকৃতি পর্যায় অবলম্বনে উদাহরণসহ আলোচনা করো।
- ৭। 'মধ্যযুগীয় দেবদেবী-নির্ভরতা ও পূর্বনির্ধারিত আখ্যানকাঠামো অনুসরণ সত্ত্বেও কবিকঙ্কণ মুকুন্দ ১৫  
চক্রবর্তী প্রায় আধুনিক ঔপন্যাসিকের মৌলিক প্রতিভার স্বাক্ষর রেখেছেন তাঁর কাব্যে' —  
আলোচনা করো।  
অথবা  
'ফুল্লরার বারোমাস্যা' অংশটির পরিচয় দিয়ে ফুল্লরার বারোমাসের দুঃখচিত্র বর্ণনায় মুকুন্দ ৮+৭ = ১৫  
চক্রবর্তীর দক্ষতার পরিচয় দাও।

৮।	“কর-যুগে নয়ন মুদি চলু ভামিনী তিমির পয়ানক আশে। কর-কঙ্কণ-পণ ফণিমুখ বন্ধন শিখই ভুজগ-গুরু পাশে।।”	০.৫+০.৫ +০.৫ +৩.৫= ৫
----	--	----------------------------

— ‘ভামিনী’, ‘পয়ানক’, ‘ভুজগ-গুরু’ শব্দ তিনটির অর্থ কী ? উদ্ধৃতাংশের তাৎপর্য ব্যাখ্যা করো।

অথবা

“দেখিতে যে সুখ উঠে কি বলিব তা।  
দরশ পরশ লাগি আউলাইছে গা।।”

১+১+৩= ৫

— কোন রসপর্যায়ের পদ ? পদকর্তা কে ? উদ্ধৃতাংশটির ব্যাখ্যা করো।

৯।	“রাজ-রাজেশ্বরী হয়ে হাস্য বদনে কথা কয়। ওকে গরুড় বাহন কালো বরণ, জেগড় হাতেতে করে বিনয়।।”	১+১+৩= ৫
----	--	----------

— কোন পর্যায়ের পদ ? পদকর্তা কে ? উদ্ধৃত অংশটির তাৎপর্য নির্ণয় করো।

অথবা

“ত্যজিব সব ভেদাভেদ, ঘুচে যাবে মনের খেদ,  
ওরে শত শত সত্য বেদ, তারা আমার নিরাকার।।”

১+১+৩= ৫

— কোন রসপর্যায়ের পদ ? পদকর্তা কে ? উদ্ধৃতাংশটির তাৎপর্য নির্ণয় করো।

১০।	“ধর্মকেতু ভায়া সনে কৈলু লেনা-দেনা। তাহা হইতে ভাইপো হয়্যাছ সেয়ানা।।”	১+১+৩= ৫
-----	---	----------

— কে, কাকে একথা বলেছে ? বক্তার এইরূপ বলার কারণ কী ?

অথবা

“মোর সেবা ছাড়ি তুমি অন্য কর সাধ।  
বসুমতী চল ঝাট হও গিয়া ব্যাধ।।”

১+১+৩= ৫

— কে, কাকে একথা বলেছে ? উদ্ধৃত অংশটির প্রসঙ্গ ব্যাখ্যা করো।